

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২

প্রশাসন পরিপত্র নং- ০২/২০১৫

তারিখ : ১৫-১০-১৪২১ বঙ্গাব্দ
২৮-০১-২০১৫ খ্রিষ্টাব্দ


বিষয় : ব্যাংকের কর্মচারীদের অবসরোত্তর ছুটিকালীন বেতন-ভাতাদি মনোনীত শাখা থেকে গ্রহণ প্রসঙ্গে।

ব্যাংকের বর্তমান প্রচলিত বিধান অনুযায়ী অবসরে গমনকারী কর্মচারীগণ তাঁদের পেনশন আবেদনে প্রদত্ত অপশন মোতাবেক ব্যাংকের যে কোন শাখা থেকে মাসিক পেনশনের টাকা উত্তোলন করতে পারেন। তবে অবসরোত্তর ছুটিকালীন বেতন-ভাতাদি সর্বশেষ কর্মস্থল-সংশ্লিষ্ট শাখা থেকেই গ্রহণ করতে হয়। অবসরোত্তর ছুটিকালীন বেতন-ভাতাদি শুধুমাত্র সর্বশেষ কর্মস্থল-সংশ্লিষ্ট শাখা থেকেই গ্রহণের বিধানের কারণে ক্ষেত্রবিশেষে সংশ্লিষ্ট কর্মচারীগণ নানাবিধ অসুবিধার সম্মুখীন হয়ে থাকেন বলে কর্তৃপক্ষ অবহিত হয়েছেন। এরূপ অসুবিধা নিরসনকল্পে কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, সংশ্লিষ্ট কর্মচারীগণ অবসরোত্তর ছুটিকালীন বেতন-ভাতাদি তাঁদের মনোনীত বিকেবির যে কোন শাখা থেকে গ্রহণ করতে পারবেন।

০২। উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক উক্তরূপ সুবিধাগ্রহণে ইচ্ছুক কর্মচারী অবসরোত্তর ছুটিতে গমনের প্রাক্কালে বেতন আয়ন-ব্যয়ন কর্তৃপক্ষের নিকট তাঁর মনোনীত শাখার নাম উল্লেখপূর্বক লিখিত আবেদন পেশ করবেন। তৎপ্রেক্ষিতে উক্ত কর্তৃপক্ষ, ব্যতিক্রমী ক্ষেত্র হিসেবে, আবেদনকারীর অবসরোত্তর ছুটিকালীন বেতন-ভাতাদি ফ্রেডিট এডভাইসের মাধ্যমে মনোনীত শাখায় প্রেরণ করবেন, যা তাঁর সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে।

০৩। এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে -


(এ, আর, মামুন)
উপ-মহাব্যবস্থাপক

বিতরণ:


- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিকেবি।
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/সকল উপ-মহাব্যবস্থাপক, অন্যান্য কর্পোরেট শাখা, বিকেবি।
- ০৩। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।


নং প্রকা/এইচআরএমডি-২/৭৫/২০১৪-২০১৫/১২৪৩(১২৫০)

তারিখ : ১৫-১০-১৪২১ বঙ্গাব্দ
২৮-০১-২০১৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/ অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা/ স্থানীয় মুখ্য কার্যালয়, বিকেবি (পরিপত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।


২৮.০১.২০১৫


(মো: মিজানুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক
ফোন: ৯৫১৪৬৯২